# 2012

# BENGALI

## ( Modern Indian Language )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ‘একেই কি বলে সভ্যতা’র ইংরেজি-শিক্ষিত নব্য যুবকদের সভাটির নাম কী?

(খ) “ইন দি নেম অফ ফ্রীডম লেট য়াস এঞ্জয় আওয়ার-সেলভস্।” বক্তা কে?

(গ) “একি, একি? এ আমার সোনার চাঁদ যে মাটিতে গড়াচ্ছে?” ‘সোনার চাঁদ’ কে?

(ঘ) “যখন সায়েব আমার হাতে আছে তখন তোর আর ভয় কি?” এখানে কোন্ ‘সায়েব’-এর কথা বলা হয়েছে?

(ঙ) ‘শ্রীমদ্ভগবদ্‌গীতা’ উচ্চারণ করতে কালীনাথ কী উচ্চারণ করেছিল?

(চ) মহারাজা প্রতাপাদিত্য উদয়াদিত্যকে কোন্ পরগণা শাসনের ভার দিয়েছিলেন?

(ছ) "যে হারে তার বুঝি জোর নেই?" বক্তা কে?

(জ) বসন্ত রায় কোন্ অঞ্চলের অধিপতি ছিলেন?

(ঝ) 'প্রায়শ্চিত্ত' নাটকে রামচন্দ্রের সেনাপতি কে ছিলেন?

(ঞ) রামমোহন বিভার জন্য কী উপহার এনেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "পুঃ, তুমি তো ভারি কাউয়ার্ড হে! তোমার যে কিছু মরাল কারেজ নেই। ও বেটাকে আবার ভয়?—চল।" উক্তিটি কার? এখানে কাকে 'বেটা' বলা হয়েছে?

(খ) "আমি হলে এতদিনে কুলোর বাতাস দিয়ে বিদায় কর্তুম।" 'কুলোর বাতাস'-এর নিহিতার্থ ব্যক্ত করো।

(গ) "হাঁ, রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, পুত্র জন্মায় না।" কে, কাকে একথা বলেছিলেন?

(ঘ) উদয়াদিত্যের পত্নীর নাম কী? তাঁর পিতৃরাজ্যের নাম কী?

(ঙ) "আর কিছু নয়—সেই ভাঁড়টাকে নিয়ে একটু আমোদ করতে পারতুম—তার কথা শুনতে মজা আছে।" উক্তিটি কার? এখানে 'ভাঁড়' বলতে কাকে বোঝানো হয়েছে?

৩। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক—গুচ্ছ

(ক) "মদ মাংস খেয়ে ঢলাঢলি কল্লেই কি সভ্য হয়? একেই কি বলে সভ্যতা?" বক্তার বক্তব্যের পরিপ্রেক্ষিতে এই 'সভ্যতা'র তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে ইংরেজি-শিক্ষিত নব্য যুবকদের ভাষা ব্যবহারের পরিচয় দাও।

(গ) "এখন আমার প্রার্থনা এই যে, তোমরা সকলে মাথা মন এক করে, এদেশের সোসীয়াল রিফরমেশন যাতে হয় তার চেষ্টা করো।" বক্তা কী ধরনের স্যোসাল রিফরমেশনের কথা এখানে বলেছেন?

খ—গুচ্ছ

(ক) "সব রাজত্বটাই কি রাজার? অর্ধেক রাজত্ব প্রজার নয় তো কী? চাইতে দোষ নেই রে। চেয়ে দেখিস।" উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) রমাই কে? সে কীভাবে যশোহর রাজপরিবারের সংকট বৃদ্ধি করেছিল?

(গ) "রাজকার্যে ছোটোদেরও অবজ্ঞা করতে নেই মহারাজ! অসহ্য হলেই ছোটোরা জোট বাঁধে, জোট বাঁধলেই ছোটোরা বড়ো হয়ে ওঠে।" ব্যাখ্যা করো।

৪। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) 'একেই কি বলে সভ্যতা' রচনাটিকে প্রহসন হিসেবে অভিহিত করা যায় কিনা তা আলোচনা করো।

(খ) 'একেই কি বলে সভ্যতা' রচনাটির নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'একেই কি বলে সভ্যতা'র কালীনাথ চরিত্রটিকে বিশ্লেষণ করো।

(ঘ) "আজ কি কুলগ্নেই বাড়ী থেকে বেরয়েছিলেম।" 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের বৈষ্ণব বাবাজির দুরবস্থার কথা ব্যক্ত করো।

খ—গুচ্ছ

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'প্রায়শ্চিত্ত' নাটকটি ঐতিহাসিক নাটক, না সাংকেতিক নাটক? তোমার যুক্তিপূর্ণ অভিমত ব্যক্ত করো।

(খ) "উদয়াদিত্য, বিভা, ধনঞ্জয়—সকলেই শেষ পর্যন্ত পথে নামিয়া পড়িল।" 'প্রায়শ্চিত্ত' নাটকটির পরিসমাপ্তি সম্বন্ধে আলোচনা করো।

(গ) 'প্রায়শ্চিত্ত' নাটকের 'ধনঞ্জয়' চরিত্রটিকে বিশ্লেষণ করো।

(ঘ) "স্বামীর গর্ব যে স্ত্রীলোকের ভেঙেছে জীবন তার পক্ষে বোঝা, বিশেষত বিভার মতো মেয়ে।" উক্তিটির আলোকে বিভার জীবন-বিড়ম্বনার স্বরূপটি ফুটিয়ে তোলো।

***